# সংবাদ

তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৫

## ঢাবি ‘খ’ ইউনিটের ফল প্রকাশ : পাসের হার ১৬.৫৬%

**বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল গতকাল প্রকাশ করা হয়েছে, যাতে ১৬.৫৬ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফলাফল প্রকাশ করেন।

এ সময় কলা অনুষদের ডিন ও ‘খ’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, যুগ্ম-সমন্বয়কারী ও আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমতউল্লাহ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক-কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রকাশিত ফল অনুযায়ী, এবার ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় ২ হাজার ৩৬৩টি আসনের বিপরীতে ৩১ হাজার ৩৩৬ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্যে ৫ হাজার ১৮৮ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। যার

ফল : পৃষ্ঠা : ২ ক : ৩

### ফল : প্রকাশ

(১৬ পৃষ্ঠার পর)

শতকরা হার ১৬ দশমিক ৫৬ শতাংশ।

‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল মোবাইল ফোন ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকেও জানা যাবে। মোবাইলের মেসেজ অপশনে গিয়ে উট কঐঅ লিখে ভর্তি পরীক্ষার রোল নম্বর টাইপ করে ১৬৩২১ নম্বরে পাঠালে ফিরতি এসএমএসে ফল জানা যাবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ও য়ে ব সা ই ট ধফসরংংরড়হ.বরং.ফঁ.ধপ.নফ থেকেও ফলাফল জানা যাবে।

পাসকৃত সকল শিক্ষার্থীকে আগামী ২৮ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে ১০ অক্টোবর বিকেল ৩টা পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দ ক্রম ফরম পূরণ করতে হবে।

এছাড়া কোটায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের আজ (২৬ সেপ্টেম্বর) থেকে ৫ অক্টোবরের মধ্যে কলা অনুষদের ডিন অফিস থেকে কোটার ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

এছাড়া ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আজ (২৬ সেপ্টেম্বর) থেকে ৫ অক্টোবরের মধ্যে কলা অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। ‘খ’ ইউনিটের বিষয় মনোনয়নের সাক্ষাৎকার আগামী ২২ অক্টোবর থেকে শুরু হবে।

উল্লেখ্য, গত ২২ সেপ্টেম্বর ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর